



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ফরিদপুর অঞ্চল, ফরিদপুর
ওয়েব: dae-farreg.dhakadiv.gov.bd



কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.১৭০.৩৮.০০১.২৩.১২৯

২৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: মরিচ ফসলে নতুন মাছি পোকাকার আক্রমণ বিষয়ে সরেজমিনে বিশেষজ্ঞ দলের পরিদর্শন ও সনাক্ত পূর্বক ফ্যাঙ্কশীট প্রণয়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয় এর সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বিভিন্ন জেলা ও উপজেলা পর্যায়ে মাঠ পরিদর্শনকালে মরিচের আবাদকৃত এলাকায় নতুন একধরনের পোকাকার আক্রমণ লক্ষ্য করা যাচ্ছে। নিম্নস্বাক্ষরকারী গত ০২/০৭/২০২৪ খ্রিঃ তারিখে মধুখালী উপজেলার বিভিন্ন মরিচ ক্ষেতের মাঠ পরিদর্শনকালে ক্ষতিকারক হিসেবে চিহ্নিত নয় এমন মাছিপোকা আক্রমণ পর্যবেক্ষণ করেন। উল্লেখ্য বিগত ২০২৩ সালে যশোর জেলার উপপরিচালকের দায়িত্বে থাকাকালীন টোকাছা উপজেলার হিজলী গ্রামের কৃষক জুলফিকার আলীর জমিতে সর্বপ্রথম উক্ত ক্ষতিকারক মাছিপোকা সনাক্ত করেন বিস্তারিত <https://shoturl.at/DYBfV>। পেট হিসেবে এর জীবন বৃত্তান্ত ও অন্যান্য বিষয়ে জানার অংশ হিসেবে Google এর সহয়তায় প্রাথমিকভাবে এটি মরিচের ক্ষতিকারক মাছি পোকা (Silba Capsucarum) বলে জানা যায়। যাহা সর্বপ্রথম ২০১৮ সালে ইন্দোনেশিয়ার জাভায় সনাক্ত করা হয়।

০২। এ পোকাকার আক্রমণের ক্ষেত্রে প্রথমে মরিচের ফুলের কুড়িতে ডিম পাড়ে, ডিম থেকে বাচ্চা বের হয়ে পোকাকার লার্ভা কচি ফুলের মধ্যে অবস্থান করে। বিশেষ করে মরিচের ক্ষতিকারক মাছিপোকা (Silba Capsucarum) বাড়ন্ত মরিচের অংশ খেয়ে সেখানে পুত্তলি অবস্থা সম্পন্ন করে এবং নিদ্দিষ্ট সময় পরে পূর্ণাঙ্গ মাছি পোকা বের হয়ে আসে। জলবায়ু পরিবর্তনের কারণে আগামীতে এ পোকাকার আক্রমণের তীব্রতা বৃদ্ধি পাবে বলে আশংকা করা হচ্ছে। অতিরিক্ত তাপমাত্রা ৪০ ডিগ্রী সেন্টিগ্রেড এর কাছাকাছি সময় এ পোকাকার আক্রমণের তীব্রতা বাড়ে। মার্চ থেকে আগস্ট পর্যন্ত এ পোকাকার অনুকূল অবস্থা বলে জানা যায়। উক্ত পোকাকার সঠিক সনাক্ত, দমন কৌশল ও সচেতনতা বৃদ্ধির জন্য গবেষণা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকল দপ্তরের সমন্বয় আক্রমণ প্রতিহতের জন্য কাজ করা প্রয়োজন। বর্ষার সময় জলবদ্ধতা ও পরিবেশগত কারণে এনথ্রাকনোজসহ বিভিন্ন রোগে মরিচের গাছ মারা যাওয়া প্রবনতা বেশী থাকলেও বিগত কয়েক বছরে বৃষ্টিপাত কম হওয়ার কারণে রোগ আক্রমণ কম হলেও থ্রিপস, মাইটস, সাদা মাছি এর পাশাপাশি নতুন অনুমেয় ক্ষতিকারক পোকাকার আক্রমণে মরিচের ফলন কম হচ্ছে বলে সংশ্লিষ্ট কৃষক, সম্প্রসারণ কর্মী এবং নিম্নস্বাক্ষরকারী মনে করেন।

০৩। এমতাবস্থায় বিশেষজ্ঞ টিমের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করত : এ পোকাকার সনাক্ত এবং দমন কৌশলের উপর একটি ফ্যাঙ্কশীট প্রস্তুতের ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

১১-০৭-২০২৪

মোঃ মঞ্জুরুল হক

অতিরিক্ত পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
adfaridpur@dae.gov.bd

মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

স্মারক নম্বর:

২৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা। মহোদয়কে আগামী ২৮/০৭/২০২৪ খ্রিঃ তারিখে ATECC সভায় এজন্ডাভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।;
- ২। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... সকল (অত্র অঞ্চল) এবং
- ৪। উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ফরিদপুর/মাদারীপুর/গোপালগঞ্জ/রাজবাড়ী/শরীয়তপুর জেলা)..... (সকল) অত্র অঞ্চল।



২০৪ -

১১-০৭-২০২৪

মোঃ মঞ্জুরুল হক

অতিরিক্ত পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)